নরসিংদীতে যথাযথ মর্যাদায় পবিত্র ঈদে মিলাদুন্নবী (দঃ) উদযাপন

হলধর দাস, নরসিংদী – নরসিংদীতে ১২ই আউয়াল, ১৪৪৬ হিজরী(১৬ সেপ্টেম্বর ২০২৪ইং রোজঃ সোমবার)যথাযথ মর্যাদায় পবিত্র ঈদে মিলাদুন্নবী (দঃ) দিবস উদযাপন করা হয়েছে ।
আহলে সুন্নাত, ওয়ালে জামাত ও ঈদ-এ-মিলাদুন্নবী(দ.) বাস্তবায়ন কমিটির আহবানে সকাল ৯টায় বাসাইল পেশোয়ারী দরবার শরীফসহ জেলার বিভিন্ন স্থান থেকে ধর্মপ্রাণ মুসুল্লিরা খন্ড খন্ড জশনে জুলুছে মিছিল নিয়ে নরসিংদী পৌর ঈদগাহ মাঠে সমবেত হয়। সেখানে হাজার হাজার ধর্মপ্রাণ মুসুল্লি সমন্বয়ে সকাল ১০টায় জশনে জুলুছ ঈদে-এ-মিলাদুন্নবীর মিছিলের শুভ উদ্বোধনী অনুষ্ঠানে ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক হারুন-অর-রশিদ, ঈদ-এ মিলাদুন্নবী (দঃ) বাস্তবায়ন কমিটি’র আহ্বায়ক আলহাজ্ব তৈয়বুর রহমান, সদস্য সচিব মোঃ নাসির উদ্দিন মোল্লা, সৈয়দ মারুফ বিন কাদের মাইজ ভান্ডারীসহ অন্যান্য নেতৃবৃন্দ।

নরসিংদী পৌরসভা ঈদগাহ মাঠ থেকে জশনে জুলুছ ঈদ-এ-মিলাদুন্নবীর মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বাসাইল শাঁহী ঈদগাহ মাঠে গিয়ে মিলিত হয়।
সেখানে আলোচনা সভা, মিলাদ মাহফিল, দেশ ও জাতির জন্য বিশেষ দোয়া-মোনাজাত ও তবারুক বিতরণের মধ্য দিয়ে সমাপ্ত হয়। নরসিংদী জেলা ঈদ-এ-মিলাদুন্নবী (দঃ) বাস্তবায়ন কমিটি’র আহ্বায়ক আলহাজ্ব তৈয়বুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব মোঃ নাসির উদ্দিন মোল্লা, সৈয়দ মারুফ বিন কাদের মাইজ ভান্ডারী, জেলা গাউছিয়া কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক মাওলানা মোঃ ইয়াছিন, নরসিংদী জেলা ইসলামি যুব সেনা সাধারণ সম্পাদক মাওলানা শাহআলম,আহলে সুন্নতি ওয়াল জামাতের সদস্য বীর মুক্তিযোদ্ধা মোঃ জিল্লুর রহমান কিরন, জেলা গাউছিয়া কমিটির দাওয়াতুল খায়ের সম্পাদক মাওলানা ইয়াছিন আততাহেরী, ছাত্র সেনা সম্পাদক মেরাজ হুসাইন, সোলেমান হোসেন শান্ত, আবু বকর, ফারুক আজীজ প্রমুখ।
আলোচনা সভায় বক্তাগণ বলেন, আজকের এই দিনে মহানবী হযরত মুহাম্মদ (দঃ) পৃথিবীতে আগমন করেছিলেন। তিনি মানবতার মুক্তির দিশারি,

ন্যায় ও সত্যের প্রতীক, মানবজাতির জন্য শান্তি, ন্যায়বিচার ও সৌহার্দ্যের আদর্শ স্থাপনকারী ছিলেন।
তাঁর জীবন, আচার-আচরণ, এবং শিক্ষা আমাদের জীবনের প্রতিটি ক্ষেত্রে অনুসরণযোগ্য। মহানবী (দঃ) এর জীবন থেকে আমরা শিখতে পারি কীভাবে একজন আদর্শ মানুষ হওয়া যায়। তাঁর আদর্শ শুধুমাত্র ধর্মীয় ক্ষেত্রেই নয়, বরং ব্যক্তিগত, সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক-সব ক্ষেত্রেই আমাদের জন্য শিক্ষণীয়। তাঁর প্রতিটি কাজেই ছিল ন্যায়পরায়ণতা, দয়া, এবং মানবিকতার উজ্জ্বল দৃষ্টান্ত। আমাদের উচিত তাঁর দেখানো পথে চলা এবং তাঁর শিক্ষাকে জীবনে বাস্তবায়ন করা।
মুসলিম উম্মাহর ঐক্য, শান্তি-শৃঙ্খলা ও সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার জন্য মহানবী (দঃ) এর শিক্ষা আমাদের আজকের দিনেও অত্যন্ত প্রাসঙ্গিক।
আলোচনা অনুষ্ঠান পরিচালনা করেন, বাংলাদেশ ইসলামী ছাত্র সেনা’র সভাপতি মাওলানা মোঃ সাইফু উদ্দিন জালালী।
জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানেও যথাযথ মর্যাদায় দিবসটি উদযাপন করা হয়।